



মোহাম্মদ খালেদ রহীম

কোর্স পরিচালক

এবং

পরিচালক (তথ্য প্রযুক্তি)

বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমি

শাহবাগ, ঢাকা- ১০০০

ফোন: +৮৮০২৫৫১৬৫৯৯১

মোবাইল: +৮৮ ০১৮১৭৭৪৭৭৭০

ফ্যাক্স : +৮৮০২৫৫১৬৫৯০৩

প্রিয় সহকর্মী,

বিসিএস প্রশাসন একাডেমিতে আগামী ১০ জানুয়ারি ২০২১ থেকে শুরু হতে যাওয়া ৫(পাঁচ) মাস ব্যাপি ১১৯তম/ ১২০তম আইন ও প্রশাসন কোর্সে প্রশিক্ষণার্থী হিসেবে মনোনীত হওয়ায় একাডেমির সম্মানিত রেক্টর ও কোর্স ম্যানেজমেন্ট টিমের পক্ষ থেকে আপনাকে জানাই আন্তরিক অভিনন্দন।

২। আমরা আশা করছি, ইতোমধ্যে আপনি অনলাইন রেজিস্ট্রেশন সম্পন্ন করেছেন। বর্তমান কর্মস্থল হতে অবমুক্ত হয়ে ০৯ জানুয়ারি ২০২১ তারিখে বিকাল ৩টায় আপনাকে আবশ্যিকভাবে একাডেমিতে উপস্থিত থাকতে হবে। দীর্ঘমেয়াদি এ আবাসিক প্রশিক্ষণের পর্যাপ্ত পূর্ব-প্রস্তুতি গ্রহণের সুবিধার্থে প্রয়োজনীয় নির্দেশাবলী প্রদান করা হলো।

ক) প্রশিক্ষণ কোর্সটি সম্পূর্ণ আবাসিক প্রত্যেক প্রশিক্ষণার্থীর জন্য প্রশিক্ষণকালে একাডেমিতে অবস্থান করা বাধ্যতামূলক। কোর্সটি দিনব্যাপী বিভিন্ন কর্মসূচি যেমনঃ **ক্লাস**, মাঠ সংযুক্তি, শিক্ষা সফর, সেমিনার, কর্মশালা, সম্প্রসারিত অধিবেশন, শরীরচর্চা ও খেলাধুলা নিয়ে সাজানো হয়েছে। এ কোর্সে নৈতিকতা ও নিয়মশৃঙ্খলার উপর বিশেষ গুরুত্ব প্রদান করা হয়েছে। এ

বিষয়ে প্রশিক্ষণার্থী কর্মকর্তাদের নিকট হতে সর্বোচ্চ সহযোগিতা প্রত্যাশা করছি।

খ) প্রশিক্ষণকালে নারী প্রশিক্ষণার্থীদের জন্য সর্বাধিক একটি শিশু (৯ মাস হতে ৩ বছর পর্যন্ত) নিয়ে একাডেমি তে থাকার সীমিত সুযোগ রয়েছে। এ জন্য কোর্স শুরুর পূর্বেই কোর্স ম্যানেজমেন্টকে অবহিত করতে হবে। একজন প্রশিক্ষণার্থী হিসেবে আপনাকে অবশ্যই সকল অধিবেশন/কর্মসূচিতে উপস্থিত থেকে সক্রিয়ভাবে অংশগ্রহণ করতে হবে। **অতএব শিশুর সঠিক যত্ন নেয়ার পর্যাপ্ত ব্যবস্থা আপনাকেই নিশ্চিত করতে হবে।** **বেউল্লেখ্য**, একাডেমিতে শিশু দিবাযত্ন কেন্দ্র রয়েছে, যা কেবলমাত্র অফিস সময়ে খোলা থাকে। এ কেন্দ্রের সহায়ক সহায়ক কর্মচারী অপ্রতুল। শিশুর দেখাশোনার জন্য একজন কেয়ারগিভার (নারী) সঙ্গে রাখা যাবে। সেক্ষেত্রে তার ২ কপি পাসপোর্ট সাইজে ছবি ও জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি রিপোর্টিং এর সময় জমা দিতে হবে। একাডেমিতে অবস্থানকালে কেয়ারগিভারের সকল দায়দায়িত্ব সংশ্লিষ্ট কর্মকর্তাই বহন করবেন। নির্ধারিত মূল্যের বিনিময়ে ডাইনিং এ তার খাবার ব্যবস্থা করা যাবে।

গ) একাডেমিতে যোগদানের সময়

প্রশিক্ষণার্থীকে নিম্নোক্ত জিনিসপত্র সঙ্গে আনার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে :

ক) কর্মস্থল থেকে ছাড়পত্র;

খ) সদ্য তোলা ১০ কপি পাসপোর্ট সাইজ ফটো;

গ) ৭৫০০ (সাত হাজার পাঁচশত) টাকা ফেরতযোগ্য জামানত (একাডেমিতে রিপোর্টিং এর সময় নগদ প্রদান করতে হবে, যা সফলভাবে প্রশিক্ষণ শেষে ফেরতযোগ্য);

ঘ) নিজ কর্মস্থলের (জেলা/মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর) পরিচিতি বিষয়ে উপস্থাপনার জন্য পর্যাপ্ত তথ্য-উপাত্ত ও বইপত্র;

ঙ) উদ্বোধনীসহ বিভিন্ন অনুষ্ঠানের জন্য প্রয়োজনীয় আনুষ্ঠানিক পোশাক। প্রশিক্ষণটির ব্যাপ্তি বিবেচনায় পর্যাপ্ত সংখ্যক আনুষ্ঠানিক ও ব্যবহার্য পোশাক নিয়ে আসার জন্য অনুরোধ করা যাচ্ছে (পোশাক সংক্রান্ত সংযুক্তিটি দেখুন)।

এছাড়াও প্রশিক্ষণকালে ব্যবহারের জন্য নিজস্ব খেলাধুলা, শরীরচর্চা, ছবি আকা, সঙ্গীতের উপকরণ/সরঞ্জাম, ল্যাপটপ ইত্যাদি সঙ্গে আনতে পারেন। তবে নিজের ল্যাপটপ না আনলে প্রশিক্ষণকালীন সময়ের জন্য একাডেমি থেকে ল্যাপটপ সরবরাহ করা হবে (মজুদ থাকা পর্যন্ত)।

ঘ) এ কোর্সে কমিউনিকেশন ইংলিশের উপর বিশেষ গুরুত্ব প্রদান করা হয়ে থাকে। সেশনসহ সকল কর্মসূচি ইংরেজিতে পরিচালিত হবে। বক্তা, কোর্স ম্যানেজমেন্ট টিম ও সহপ্রশিক্ষণার্থীদের সাথে ইংরেজিতে কথা বলার মানসিক প্রস্তুতি গ্রহণ করার জন্য অনুরোধ করছি। কোর্সে সংক্রান্ত সাধারণ ও একাডেমির নির্দেশনা আবশ্যিকভাবে পালন করতে হবে। এ সংক্রান্ত সংযুক্তিটি মনোযোগ দিয়ে লক্ষ্য করুন।

ঙ) প্রশিক্ষণ সংক্রান্ত যেকোন প্রয়োজনে নিম্নোক্ত কর্মকর্তাদের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা ছিঃ

কোর্সের নাম	কোর্স সমন্বয়ক	সহকারি কোর্স সমন্বয়ক
১১৯তম আইন ও প্রশাসন কোর্স	জনাব রূপালী মন্ডল ০১৯১৫৫১৭৫১৭	জনাব রোমেন শর্মা ০১৯১৬১৮০৫৫৫
১২০তম আইন ও প্রশাসন কোর্স	জনাব সাক্বির আহমেদ আকুঞ্জি ০১৭১৮৪১১৩০৯	জনাব শরীফ আসিফ রহমান ০১৭২০৮১৩০৭৮

চ) বিসিএস (প্রশাসন) ক্যাডারের একজন মেধাবী নবীন কর্মকর্তা হিসেবে প্রশিক্ষণকালীন সময়ে আপনার সক্রিয় ও আন্তরিক ভূমিকা আশা করছি। এর ফলে বিসিএস প্রশাসন একাডেমি এবং সার্বিকভাবে বিসিএস (প্রশাসন) ক্যাডারের ভাবমূর্তিকে উজ্জ্বল করবে বলে আমি বিশ্বাস করি। একজন আলোকিত ও পেশাদার কর্মকর্তা হিসেবে নিজেকে গড়ে তুলতে এই প্রশিক্ষণ আপনার ভিত শক্ত করবে বলেও আমি একান্তভাবে আশাবাদী।

ছ) প্রশিক্ষণটি আনন্দময় ও অংশগ্রহণমূলক হওয়ার প্রত্যাশা করছি।

মোহাম্মদ খালেদ রহীম
কোর্স পরিচালক

১১৯তম ও ১২০তম আইন ও প্রশাসন কোর্স

প্রাপক : সকল প্রশিক্ষণার্থী (১১৯তম ও ১২০তম আইন ও প্রশাসন কোর্স)